# AKASHVANI KOLKATA

## Regional News Unit

**Date: 29.06.2026** **Time: 1.30 PM**

**<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>**

১) তিন দিনের সেশেলস সফর শেষে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশের উদ্দেশ্যে রওনা দিয়েছেন। # সেশেলস-এর ৫০-তম জাতীয় দিবসের অনুষ্ঠানে যোগ দেওয়ার পাশাপাশি তিনি সেদেশের রাষ্ট্রপতি এবং ভারতীয় বংশোদ্ভূতদের সঙ্গেও সাক্ষাৎ করেন।

২) স্থায়ী শান্তির লক্ষ্যে দোহায় আগামীকাল মার্কিন যুক্তরাষ্ট্র ও ইরান আবার আলোচনায় বসতে চলেছে।

৩) বাংলাদেশের প্রাক্তন প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবছরের শেষ নাগাদ দেশে ফিরবেন বলে জানিয়েছেন।

৪) পশ্চিমবঙ্গে নতুন বিজেপি সরকার ওবিসি সংরক্ষণ ব্যবস্থায় বড় সংস্কারের উদ্যোগ নিয়েছে।

৫) ইউরোপে তাপপ্রবাহ অব্যাহত। হিমালয় সন্নিহিত পশ্চিমবঙ্গ ও সিকিমে আজ ভারি বর্ষণের সতর্কতা।

৬) বিশ্বকাপ ফুটবলে আজ ব্রাজিল, জাপানের মুখোমুখি হবে। দক্ষিণ আফ্রিকাকে হারিয়ে কানাডা শেষ ১৬-এ পৌঁছেছে।

*************************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি সেশেলসে তিন দিনের সফর শেষে ভারতের উদ্দেশ্যে রওনা হয়েছেন। এর আগে, তিনি আজ সেশেলস রাজধানী ভিক্টোরিয়ার নবশক্তি বিনায়াগার মন্দির পরিদর্শন করেন। সেখানে তিনি ভারতীয় বংশোদ্ভূতদের সঙ্গেও সাক্ষাৎ করেন। এরপর, 'পিস পার্ক'-এ অবস্থিত মহাত্মা গান্ধীর মূর্তিতে তিনি পুষ্পার্ঘ্য অর্পণ করেন।

প্রধানমন্ত্রী গতকাল সেশেলসের স্বাধীনতার ৫০ বছর পূর্তি উপলক্ষে আয়োজিত জাতীয় দিবসের অনুষ্ঠানে যোগ দেন। তিনি এই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। নরেন্দ্র মোদীই প্রথম ভারতীয় প্রধানমন্ত্রী যাকে সেশেলসের জাতীয় দিবসের অনুষ্ঠানে প্রধান অতিথির সম্মান জানানো হল।

জাতীয় দিবসের কুচকাওয়াজে ভারতীয় নৌবাহিনী ও সেনাবাহিনীর সমন্বয়ে গঠিত একটি মার্চিং কনটিনজেন্ট অংশ নেয়। ভারতীয় নৌবাহিনীর একটি ব্যান্ডও এই কুচকাওয়াজে অংশগ্রহণ করে, যা ভারত-সেশেলসের ঘনিষ্ঠ ও বিশেষ অংশীদারিত্বের প্রতীক।

বিশেষ সৌজন্যের নিদর্শন হিসেবে ভারতীয় নৌবাহিনীর যুদ্ধজাহাজ আইএনএস তারকাশ ( INS Tarkash ) এবং আইএনএস ইক্ষাক ( INS Ikshak) পোর্ট ভিক্টোরিয়ায় নোঙর করে। এই উপলক্ষে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি সেশেলসের জনগণকে ভারতের পক্ষ থেকে আন্তরিক শুভেচ্ছা জানান।

প্রধানমন্ত্রী **নরেন্দ্র মোদিকে** পরিবেশ সংরক্ষণ এবং সুস্থায়ী উন্নয়নের ক্ষেত্রে নেতৃত্বের স্বীকৃতি হিসেবে সেশেলসের সর্বোচ্চ রাষ্ট্রীয় সম্মান **'গার্ডিয়ান অব দ্য ব্লু হরাইজন'** প্রদান করা হয়েছে। সেশেলসের রাষ্ট্রপতি **প্যাট্রিক হারমিনি** প্রধানমন্ত্রীর হাতে এই সম্মান তুলে দেন। সুস্থায়ী উন্নয়ন এবং বৃদ্ধির পক্ষে প্রধানমন্ত্রী মোদির দীর্ঘদিনের উদ্যোগ ও পরিবেশবান্ধব উন্নয়নের ভাবনাকে স্বীকৃতি জানিয়েই এই সম্মান প্রদান করা হয়।

এই সম্মানে ভূষিত হওয়ার পর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি সেশেলসের জনগণ এবং সে দেশের সরকারকে আন্তরিক ধন্যবাদ জানান।

*************************************************************************

বিদেশসচিব বিক্রম মিশ্রি জানান, ঐতিহাসিক, সাংস্কৃতিক এবং জনগণের পারস্পরিক যোগাযোগের ভিত্তিতে ভারত ও সেশেলসের মধ্যে দীর্ঘদিনের সুদৃঢ় অংশীদারিত্ব গড়ে উঠেছে। ভারত মহাসাগরীয় অঞ্চলের গুরুত্বপূর্ণ সামুদ্রিক প্রতিবেশী হিসেবে সেশেলস ভারতের 'মহাসাগর' দৃষ্টিভঙ্গি এবং গ্লোবাল সাউথ-এর প্রতি ভারতের অঙ্গীকারের বিশেষ গুরুত্ব বহন করে।

*************************************************************************

মার্কিন যুক্তরাষ্ট্র ও ইরান পারস্পরিক হামলা সাময়িকভাবে বন্ধ রেখে আগামীকাল কাতারের রাজধানী দোহায় পুনরায় আলোচনায় বসতে সম্মত হয়েছে। হরমুজ প্রণালী নিয়ে দুদেশের মধ্যে বিরোধ মেটানো এবং সাম্প্রতিক সামরিক উত্তেজনার কারণে উদ্ভুত পরিস্থিতিতে সাময়িক যুদ্ধবিরতি যাতে ভেঙে না পড়ে, সেই লক্ষ্যেই এই উদ্যোগ।

হরমুজ প্রণালীকে কেন্দ্র করে একাধিক দফায় হামলার পর এই সিদ্ধান্তের কথা ঘোষণা করা হয়। যুদ্ধবিরতি লঙ্ঘন করে বাণিজ্যিক জাহাজে হামলার অভিযোগে মার্কিন যুক্তরাষ্ট্র ইরানের সামরিক ঘাঁটিগুলিতে হামলা চালায়। জবাবে ইরান বাহরিন ও কুয়েতে অবস্থিত মার্কিন সামরিক ঘাঁটিতে ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র এবং ড্রোন হামলা চালায়। একইসঙ্গে, পরিস্থিতি আরও জটিল হতে পারে বলে উভয় পক্ষই সতর্কবার্তা দেয়।

মার্কিন প্রশাসনের এক উচ্চপদস্থ আধিকারিক জানিয়েছেন, আপাতত উভয় পক্ষই সামরিক পদক্ষেপ থেকে বিরত থাকবে এবং আলোচনা চলাকালীন হরমুজ প্রণালী দিয়ে বাণিজ্যিক জাহাজের চলাচল স্বাভাবিক থাকবে।

চলতি মাসের শুরুতে সংঘাতের অবসান ঘটাতে যে সমঝোতাপত্র বা মৌ স্বাক্ষরিত হয়েছিল, তার ব্যাখ্যা নিয়ে মতপার্থক্যের জেরেই নতুন করে সংঘর্ষের সূত্রপাত হয়। বিশেষ করে, হরমুজ প্রণালী দিয়ে জাহাজ চলাচল

সংক্রান্ত পঞ্চম অনুচ্ছেদকে ঘিরেই এই বিরোধ তৈরি হয়। ওই সমঝোতা অনুযায়ী, হরমুজ প্রণালী দিয়ে বাণিজ্যিক জাহাজের নিরাপদ যাতায়াত নিশ্চিত করতে সর্বোচ্চ প্রচেষ্টার প্রতিশ্রুতি দেয় ইরান। অন্যদিকে, মার্কিন যুক্তরাষ্ট্র ইরানের বন্দরগুলির ওপর আরোপিত অবরোধ প্রত্যাহারে সম্মত হয়।

সুইজারল্যান্ডে অনুষ্ঠিত আলোচনায় মার্কিন উপরাষ্ট্রপতি জে. ডি. ভ্যান্স-এর নেতৃত্বাধীন প্রতিনিধিদল হরমুজ প্রণালী দিয়ে জাহাজ চলাচলের সমন্বয়ের জন্য মার্কিন সেনাবাহিনী এবং ইরানের ইসলামিক রেভলিউশনারি গার্ড কর্পস (আইআরজিসি)-এর মধ্যে একটি সরাসরি হটলাইন চালুর বিষয়েও সম্মত হয়। তবে মার্কিন কর্মকর্তাদের দাবি, ইরান জাহাজ চলাচলের ক্ষেত্রে তেহরানের সঙ্গে সমন্বয়ের ওপর পুনরায় জোর দেওয়ায় সেই যোগাযোগ ব্যবস্থা এখনও চালু হয়নি।

প্রসঙ্গত, সুইজারল্যান্ডে এই কারিগরি পর্যায়ের বৈঠক মূলত ইরানের পরমাণু কর্মসূচি নিয়ে হওয়ার কথা ছিল। কিন্তু সাম্প্রতিক সামরিক উত্তেজনার জেরে বৈঠকের স্থান পরিবর্তন করে দোহায় নিয়ে যাওয়া হয় এবং আলোচনার মূল বিষয় হয়ে ওঠে হরমুজ প্রণালী সংক্রান্ত বিরোধের সমাধান।

*****************************************************************************

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ নতুন দিল্লির রাষ্ট্রপতি ভবনে এক অনুষ্ঠানে বীরত্ব পুরস্কার বা 'গ্যালান্ট্রি অ্যাওয়ার্ডস' প্রদান করবেন। আজ বিকেল ৫টায় আয়োজিত এক বিশেষ অনুষ্ঠানে দেশের প্রতিরক্ষা বাহিনী, কেন্দ্রীয় সশস্ত্র পুলিশ বাহিনী (CAPF) এবং রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের পুলিশ কর্মীদের হাতে তিনি এই সম্মান তুলে দেবেন।

সশস্ত্র বাহিনী, কেন্দ্রীয় পুলিশ এবং অন্যান্য নিরাপত্তা সংস্থার কর্মীদের অসাধারণ সাহসিকতা ও বীরত্বপূর্ণ কাজের স্বীকৃতি হিসেবে এই পুরস্কার দেওয়া হচ্ছে। একই সাথে বিমান চালনা, সামুদ্রিক অভিযান এবং মানবিক উদ্ধারকাজে প্রদর্শিত অনন্য সাহসিকতাকেও এই পুরস্কারের মাধ্যমে সম্মানিত করা হচ্ছে।

উল্লেখ্য, এর আগে চলতি মাসের ৮ তারিখে রাষ্ট্রপতি ভবনেই প্রথম পর্বের অনুষ্ঠানে বীরত্ব পুরস্কার প্রদান করেছিলেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু।

*****************************************************************************

শ্রীরাম জন্মভূমির তীর্থক্ষেত্র ট্রাস্টের অনুদানের আর্থিক অনিয়মের অভিযোগের সম্পর্কে ফরেন্সিক অডিট আদালতের তত্ত্বাবধানে তদন্ত চেয়ে একটি জনস্বার্থ মামলার জরুরী শুনানি গ্রহণ করতে সুপ্রিম কোর্ট আজ অস্বীকার করেছে। বিচারপতি এম এম সুন্দরেশ এবং বিচারপতি শীল নাগু-র বেঞ্চ জরুরী শুনানির প্রয়োজন কেন, তা নিয়ে প্রশ্ন তোলেন এবং গ্রীষ্মকালীন অবকাশের পর আদালত খুললে আবেদনটি তালিকাভুক্ত করতে বলেন।

*****************************************************************************

কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে আজ রাজ্যসভায় সাংসদ পদে শপথ নিয়েছেন। সংসদ ভবনে উপরাষ্ট্রপতি ও রাজ্যসভার চেয়ারম্যান সি পি রাধাকৃষ্ণন তাঁকে শপথবাক্য পাঠ করান। কর্ণাটক থেকে ফের রাজ্যসভায় নির্বাচিত হলেন তিনি।

*****************************************************************************

বাংলাদেশের প্রাক্তন প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, মামলা, মৃত্যুদন্ডের হুমকি বা আওয়ামি লিগের ওপর রাজনৈতিক নিষেধাজ্ঞা সত্ত্বেও এবছরের শেষ নাগাদ তিনি দেশে ফিরবেন। শেখ হাসিনার এই বিবৃতির ফলে বাংলাদেশের অন্যতম বৃহত্ রাজনৈতিক দলকে নিষিদ্ধ করার বিষয়ে নতুন করে প্রশ্ন উঠল। এক টিভি চ্যানেলকে দেওয়া সাক্ষাত্কারে শেখ হাসিনা তার বিরুদ্ধে মামলাকে রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত আখ্যা দিয়ে অভিযোগ করেন যে, আওয়ামি লিগকে বাংলাদেশের রাজনৈতিক মানচিত্র থেকে নির্মূল করতে বর্তমান কর্তৃপক্ষ বিচারবিভাগকে ব্যবহার করছে। হাসিনা আরও অভিযোগ করেন যে, ক্ষমতা থেকে তিনি সরে আসার পর দেশে গণতন্ত্র, আইনের শাসন এবং সংখ্যালঘু অধিকার খর্ব হয়েছে। উগ্রবাদ এবং রাজনৈতিক অসহিষ্ণুতা বেড়েছে। দেশব্যাপি আওয়ামি লিগের তত্পরতার ওপর নিষেধাজ্ঞার মধ্যেই দলের ৭৭ তম প্রতিষ্ঠা উপলক্ষে শেখ হাসিনার এই বিবৃতি।

*****************************************************************************

পশ্চিমবঙ্গ সরকার ওবিসি সংরক্ষণ ব্যবস্থায় বড় সংস্কারের উদ্যোগ নিয়েছে। এই উদ্দেশ্যে দুটি গুরুত্বপূর্ণ সংশোধনী বিল আজ বিধানসভায় ভোটাভুটিতে পাশ হয়েছে। কলকাতা হাই কোর্টের রায় মেনে এবং সংরক্ষণ ব্যবস্থাকে আইনি ভিত্তিতে আরও স্বচ্ছ ও কার্যকর করতেই এই সংশোধন আনা হয়েছে বলে অনগ্রসর শ্রেণিকল্যাণ মন্ত্রী গৌরীশংকর ঘোষ বিধানসভায় বিল পেশ করে জানিয়েছেন।

সংশোধনী বিলে প্রস্তাব করা হয়েছে, বর্তমানে ওবিসি ক্যাটেগরি ‘এ’-এর অন্তর্ভুক্ত ৬৫টি জনগোষ্ঠীর তালিকায় কোনও পরিবর্তন করা হবে না। তবে ক্যাটেগরি ‘বি’-তে অন্তর্ভুক্ত ৭৮টি জনগোষ্ঠীর তালিকা সম্বলিত শিডিউল-১ বাদ দেওয়া হবে। ভবিষ্যতে কোনও জনগোষ্ঠীকে ওবিসি তালিকায় অন্তর্ভুক্ত করা বা তালিকা থেকে বাদ দেওয়ার ক্ষেত্রে পশ্চিমবঙ্গ অনগ্রসর শ্রেণি কমিশনের সুপারিশ বাধ্যতামূলক করা হয়েছে। কমিশন নাগরিকদের আবেদন ও আপত্তিও শুনবে এবং তাদের সুপারিশ রাজ্য সরকারের কাছে পাঠাবে। আলোচনা শেষে জবাবি ভাষণে মন্ত্রী গৌরীশংকর ঘোষ বলেন, এই বিল কোনও রাজনৈতিক উদ্দেশ্যে আনা হয়নি। পূর্ববর্তী সরকার ভোটের স্বার্থে কিছু বিশেষ জনগোষ্ঠীকে ওবিসি তালিকায় অন্তর্ভুক্ত করেছিল। কলকাতা হাই কোর্টের রায়কে সম্মান জানিয়েই সংরক্ষণের তালিকা পুনরায় যাচাই করার জন্য এই সংশোধনী বিল আনা হয়েছে।

অন্যদিকে, বিলের কড়া বিরোধিতা করেন ভাঙড়ের আইএসএফ বিধায়ক নওশাদ সিদ্দিকি। তাঁর অভিযোগ,প্রস্তাবিত সংশোধনীর কোনও বৈজ্ঞানিক ভিত্তি নেই। এটি সম্পূর্ণ রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত।তিনি বিলের উপর ডিভিশন বা ভোটাভুটির দাবি জানান, যা স্পিকার রথীন্দ্র বসু মঞ্জুর করেন।ভোটাভুটিতে মমতা

ব্যানার্জি পন্থী তৃণমূল কংগ্রেসের বিধায়কেরা অংশ নিলেও ঋতব্রত বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বাধীন তৃণমূল বিধায়কেরা কক্ষত্যাগ করেন। শেষ পর্যন্ত বিলের পক্ষে ১৮৬টি এবং বিপক্ষে ১৭টি ভোট পড়ে। ছয়জন বিধায়ক ভোটদানে বিরত থাকেন।

*******************************************************************************

জন বিশ্বাস সংশোধনী আইন ২০২৬-এর মাধ্যমে সরকার, লিগাল মেট্রোলজি আইন ২০০৯-এর আওতায় নতুন ইমপ্রুভমেন্ট নোটিশ মেকানিজম চালু করেছে। এই নতুন ব্যবস্থাপনার আওতায় প্রথমবার আইন না মানলে সংশোধনের সুযোগ দেওয়া হবে। তত্ক্ষণাত্ জরিমানা বা শাস্তির সংস্থান থাকবেনা। গ্রাহক বিষয়ক মন্ত্রক বলেছে, অপ্রয়োজনীয় মামলা এড়াতে এবং নিজে থেকেই আইন মেনে চলাকে উত্সাহিত করতে এই সংস্কার করা হয়েছে। নতুন ব্যবস্থাপনার আওতায় লিগাল মেট্রোলজি অফিসার প্রথমবার আইন ভাঙা হলে সংশ্লিষ্ট ব্যবসায়ী বা প্রতিষ্ঠানকে নোটিশ দেবেন। নির্দিষ্ট সময়ের মধ্যে তা মানা হলে, জরিমানা বা মামলা এড়ানো সম্ভব হবে। তবে নোটিশের নির্ধারিত সময়ের মধ্যে নিয়ম না মানা হলে এবং বারবার তা লঙ্ঘন করা হলে লিগাল মেট্রোলজি আইনের আওতায় কঠোর ব্যবস্থা নেওয়া হবে।

মন্ত্রক আরও জানিয়েছে, পণ্য প্রস্তুতকারক আমদানিকারী ক্র্যাকার, ডিলার, মেরামতকারী, ব্যবসায় এবং ক্ষুদ্র মাঝারি উদ্যোগ এবং আইন নিয়ন্ত্রিত সংস্থা এই আইনের আওতায় আসবে।

গ্রাহক বিষয়ক মন্ত্রক আরও জানিয়েছে, এই সংস্কারের ফলে গ্রহক সুরক্ষার দিকটি কোনোভাবেই লঙ্ঘিত হবে না এবং আইন বলবত্ করার ক্ষেত্রে দুর্বলতা দেখানো হবে না।

*******************************************************************************

জম্মু ও কাশ্মীরে আগামী ৩রা জুলাই থেকে বার্ষিক অমরনাথ যাত্রা শুরু হচ্ছে। এই তীর্থযাত্রা নির্বিঘ্নে সম্পন্ন করার জন্য সব প্রস্তুতি ইতিমধ্যেই সম্পন্ন হয়েছে।

যাত্রার আনুষ্ঠানিক সূচনার আগে নিরাপত্তা ব্যবস্থা, যাত্রীবাহী গাড়ির চলাচল এবং সামগ্রিক প্রস্তুতি খতিয়ে দেখার জন্য আজ একটি পূর্ণাঙ্গ 'ড্রাই ট্রায়াল' বা পরীক্ষামূলক মহড়া চালানো হয়েছে।

*******************************************************************************

পুরীর জগন্নাথ মন্দিরে ঐতিহ্য ও ধর্মীয় আচার-অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ শ্রীজগন্নাথদেবের পবিত্র স্নানযাত্রা পালিত হচ্ছে । এই উপলক্ষে লক্ষ লক্ষ ভক্ত পুরীতে সমবেত হয়েছেন । শ্রীজগন্নাথ, বলভদ্র ও দেবী সুভদ্রাকে শোভাযাত্রার মাধ্যমে স্নানবেদীতে আনা হয়। সেখানে বৈদিক মন্ত্রোচ্চারণ, শঙ্খধ্বনি ও ভক্তিমূলক সঙ্গীতের আবহে মন্দিরের পবিত্র সোনার কুয়ো থেকে আনা ১০৮টি কলসের পবিত্র জলে তাঁদের মহাস্নান সম্পন্ন হয়।

দেবস্নান পূর্ণিমা উপলক্ষে পালিত এই আচার বিশ্ববিখ্যাত রথযাত্রার সূচনাপর্ব হিসেবে বিবেচিত হয়। স্নান-অনুষ্ঠানের পর দেবদেবীরা পক্ষকালব্যাপী অনসর পর্বে প্রবেশ করবেন। এই সময় তাঁরা ভক্তদের দর্শনের বাইরে থাকবেন। রথযাত্রার আগে নবযৌবন দর্শনে পুনরায় ভক্তদের দর্শন দেবেন তাঁরা। আগামী **১৬ জুলাই** রথযাত্রা অনুষ্ঠিত হবে।

এই উৎসবকে শান্তিপূর্ণ ও সুষ্ঠুভাবে সম্পন্ন করতে প্রশাসনের পক্ষ থেকে কড়া নিরাপত্তা ও ব্যাপক জনসমাগম নিয়ন্ত্রণের ব্যবস্থা করা হয়েছে।

**************************************************************************

ভেনেজুয়েলায় দুটি শক্তিশালী ভূমিকম্পে মৃতের সংখ্যা বেড়ে হয়েছে ১ হাজার ৪৫। সে দেশের জাতীয় সংসদ ন্যাশনাল অ্যাসেম্বলি-তে রাষ্ট্রপতি হোর্হে রদ্রিগেজ এই তথ্য জানিয়েছেন। তিনি জানান, ৭.২ এবং ৭.৫ মাত্রার ওই বিধ্বংসী ভূমিকম্পের পর দেশে এ পর্যন্ত ৪৩০টিরও বেশি ছোট আকারের কম্পন রেকর্ড করা হয়েছে। সরকারি টেলিভিশনে দেওয়া এক বিবৃতিতে রদ্রিগেজ বলেন, এই বিপর্যয়ে এ পর্যন্ত ৩ হাজার ২৩৮ জন আহত হয়েছেন। ক্ষতিগ্রস্ত  ৩ হাজারেরও বেশি পরিবার। নিখোঁজদের সন্ধানে এখনো কাজ করে চলেছেন কয়েক হাজার উদ্ধারকর্মী।

এদিকে, এই ভয়াবহ বিপর্যয়ের মধ্যেই গতকাল দেশটির মধ্যাঞ্চলে ৪.১ মাত্রার আরও একটি নতুন ভূমিকম্প অনুভূত হয়েছে।

**************************************************************************

ইউরোপজুড়ে তীব্র তাপপ্রবাহ অব্যাহত। ফ্রান্স, জার্মানি ও চেক প্রজাতন্ত্র সহ ইউরোপের বেশ কয়েকটি দেশে সর্বোচ্চ তাপমাত্রার নতুন রেকর্ড স্পর্শ করেছে।

ফ্রান্সের স্বাস্থ্য আধিকারিকরা জানিয়েছেন, তীব্র দাবদাহের কারণে বুধবার থেকে ওই দেশে প্রায় ১,০০০ মানুষের মৃত্যু হয়েছে। এঁদের মধ্যে ৮৫ শতাংশের বয়সই ৬৫ বা তার বেশি।

**************************************************************************

হিমালয় সন্নিহিত পশ্চিমবঙ্গ ও সিকিমে আজ ভারী বর্ষণের লাল সতর্কতা জারি করেছে ভারতীয় আবহাওয়া দফতর আই এম ডি। উত্তর-পূর্ব ভারতের কিছু অংশে, ছত্তিশগড়, কর্ণাটক, ঝাড়খন্ড, কঙ্কোণ, গোয়া, মহারাষ্ট্র, মধ্যপ্রদেশ, তামিলনাড়ু, পুদুচেরী, কড়াইকাল, তেলেঙ্গানা এবং বিদর্ভেও আগামী দু-দিন ভারী বৃষ্টির পূর্বাভাষ দেওয়া হয়েছে।

অন্যদিকে, বিহার, অন্ধ্রপ্রদেশ, রাজস্হান, পূর্ব উত্তরপ্রদেশ, জম্মু-কাশ্মীর, ওড়িশা, লাক্ষাদ্বীপ ও আন্দামান নিকোবর দ্বীপপুঞ্জে আগামী দু-দিন বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টি ও ঝোড়ো হাওয়া বয়ে যাওয়ার সম্ভাবনা।

অন্যদিকে, অসমের ধেমাজী জেলা ও পার্শ্ববর্তী অরুণাচল প্রদেশে প্রবল বর্ষণের ফলে বন্যা পরিস্হিতি সৃষ্টি হয়েছে। দু-রাজ্যের সীমান্তবর্তী পাহাড়ী নদীগুলিতে ভারী বৃষ্টির ফলে জলস্তর অত্যধিক বেড়ে যাওয়ায়, জোনাই, সিমেন চাপুরি এবং দিমৌ-এ দু-কূল ছাপিয়ে জল স্হলভাবে ঢুকে পড়েছে। সিমেন নদীর পাড় ভাঙায় প্রায় ৬০-টি পরিবার আটকে পড়েছে। কর্তৃপক্ষ ক্ষতিগ্রস্ত এলাকাগুলিতে নিরন্তর নজরদারি চালাচ্ছে।

**************************************************************************

বিশ্বকাপ ফুটবলে, আজ, রাউন্ড অফ থার্টি টু-র ম্যাচে, ব্রাজিল, জাপানের বিরুদ্ধে খেলবে। হাউস্টন স্টেডিয়ামে খেলা শুরু হবে ভারতীয় সময় রাত সাড়ে ১০ টায়।

অন্য ম্যাচে, ফক্সবরো স্টেডিয়ামে, জার্মানি, প্যারাগুয়ের বিরুদ্ধে খেলবে। খেলা শুরু হবে ভারতীয় সময় রাত ২ টোয়।

এদিকে, গতরাতের খেলায়, কানাডা, দক্ষিণ আফ্রিকাকে ১-০ গোলে হারিয়ে দিয়েছে। দ্বিতীয়ার্ধের সংযুক্ত সময়ের একেবারে শেষদিকে কানাডার হয়ে গোল করেন, স্টিফেন এস্তাকিও। কানাডা, দক্ষিণ আফ্রিকাকে হারিয়ে বিশ্বকাপের রাউন্ড অফ সিক্সটিনে পৌঁছেছে।

**************************************************************************